আইজও আন্ধাইর

চিত্রভানু ভৌমিক

চরিত্রাবলি

রবি	নয়না	মাধব
ডাক্তার	রসেন্দ্র	জবা
হাদু	নাড়ু	

নদীর পাশেই একখানি ছোট্ট গ্রাম। উন্নয়নের যথেষ্ট সম্ভাবনা থাকা সত্ত্বেও সর্বস্তরে অবাধ দূর্নীতি ও আন্তরিকতার অভাবে ও এইসঙ্গে সরকারি বৈষম্যের কারণে এ অঞ্চলটি যথেষ্টই পিছিয়ে পড়া। প্রাকৃতিক খামখেয়ালীপনায় গত দু-বছরের ফসলও ভাল হয়নি এরই মধ্যে বন্যার আগাম আভাস ওদের এক কঠিন আর্থিক ও মানসিক সঙ্কটের মুখে দাঁড় করিয়ে দিয়েছে। এমনি এক ভরা বর্ষার দিনে ঐ গ্রামের এক চাষি রবি, তার স্ত্রী নয়না ও তার অসুস্থ শিশুটিকে সামনে রেখেই নাটকটি শুরু হয়। মঞ্চের ডানদিকে রবির ঘরের ভেতরে চাদর জড়িয়ে অসুস্থ শিশুটিকে বিছানায় শুয়ে থাকতে দেখা যায় (নাটকের প্রয়োজনে ঘরের দর্শকের দিকের বেড়াটি অদৃশ্য)। মঞ্চের বা দিকে তৃতীয় উইং ঘেষে একখানা গোয়াল ঘরের কিছু অংশ দেখা যাচ্ছে। মঞ্চের সামনে উঠোন, সেখানে একখানা বাঁশের মাচা। মঞ্চ উপকরণগুলিতে রবির সংসারের অভাবের চিহ্নগুলো স্পষ্ট হবে। সময় পরন্ত বিকেল মৃদু-মৃদু হাওয়া বইছে। রবি গোয়ালঘর মেরামতিতে ব্যস্ত।

রবি — আকাশ আন্ধাইর হইয়া আর, বাতাসর তালও বালা নায়।

ঐ নাড়ুর মা, আরও কয়খান দড়ি দে।

[বিরক্ত নয়না ঘর থেকে এনে একখানা দড়ি রবির দিকে ছুড়ে দেয়।]

নয়না — আমি তখন থাকিয়াউ কইয়ার তাল সুবিধার নায়, আইজ বেরা আছে।

রবি — আরে মেঘপানির দিনত বাতাস চলবউ - ই আবার নতূন কিতা?

নয়না — কিন্তু ই বাতাস কান্নু আমি চিনি, ইখাননু নদীর পানি বাড়ার বাতাস। ওউ নেও দড়ি।

রবি — আরে যা যা ই আমড়ার পানি আমরারে লাগাল পাইত নায় - মাঝে এখান বাঁন্ধ আছে নানি।

নয়না — তুমার কথা হুনলেউ গা জ্বলি যায়। কদিন থাকিয়াউ কইরাম যে ঘরখান সারাও পানিয়ে শেষ অইযাইব, না তান বৃষ্টি অখনও বউত দূর। আর অখন, মাথাত আকাশ ভাঙ্গিয়া পড়ের—

রবি — তে কেমনে কিতা করতাম ক, দেখরেত ১৫ দিন ধরি বৃষ্টি অর কোন ফাঁক নি দের? আর অখন ত সারাইয়ার আমি বই রইছিনি কুনু?

নয়না — অয় গরুঘর সারাইতরায়।

রবি তে কিতা, দেখরে নানি গরু অতা বিজিয়া শেষ অর, গরুঘর না সরাইলে আর আলধরা লাগত নায়।

নয়না অয় আমরা শেষ অই যাই হেত্ কোন চিন্তা নাই, পুয়া অগু গতকাইল তাকিয়া বমি আর পায়খানা করের, চেয়ারাত কালটি পড়ি গেছেগি চিন্তায় চিন্তায় আমি পাগল।

(রবি গোয়াল ঘর থেকে নেবে আসে)

রবি তে আমার চিন্তা নাইনি?

নয়না অয়, যে চিন্তা, আমি বুঝিয়ার।

রবি চিন্তা কিতা বুক ফারিয়া দেখানি লাগবনি, ডাক্তাররে খবর দিলে হে যদি না আয় তে কিতা করতাম? আর হাসপাতালর ঔষুধ ও ত খাওয়াইয়ার, কোন কাম নি অর, তে-

নয়না তে বইথাক গর, চেষ্টা করিয়া আর কিতা করতায়। আমারউ কপাল, মানুষে শুনি নিজের পুলাপানর লাগিয়া জান ধরি দেয়, ভগবানে কেনে যে পুয়া ইগুরে ই সংসার পাঠাইছে।

বরি যা, যেন বালামন্দ পাছ হিন যা, খাইয়া গাট্টা অ গি-

নয়না অয়, গেলামনেত — যাওয়ার জাগা থাকলে অউ পচাত পড়িথাকলামনেনি, ইকি মানুষের মত বাচিয়ার নি? বছরে দুইখান ফসল উঠেনা সংসার কেমনে চালাই ই এক ভগবানে জানইন, পরনর কাপড় নাই, ভিক্ষা করিনা, খালি মানুষে বদনাম করব করিয়া।

(নয়না বাকরূদ্ধ হয়ে যায়)

রবি (দীঘশ্বাস ফেলে)- আমার বুলে কষ্ট অর না, বুকর হাড় মাংস এক করি লাইয়ার, দেখ, আমার শরীর বায় চাইয়া, চেষ্টারত আর কসুর করিয়ার নায়। আলর উপর আল চালাইয়ার, গরু মইষর মত আমিওত মাঠ চষি লারাম কিন্তু যে মাঠ ৬ মাস পানির তলে থাকে, ইগুত আমার কব্জাত নাই।

নয়না কেনে নাই, বিয়ার সময় বাপরেত লেকচার দিছলায়, গরু আছে, জমি আছে।

রবি অয় তে নাইনি তে কিতা?

নয়না না নাই। যে জমি বছর দুইবার পানির নিচে থাকে ইখান জমি নায়, ইগুরে কয় জলা।

রবি তে ত পুরা জেলা অগুই জলা। পুরাটাউ পানিত ডুবি যায়, আর আমরা ঔ জলার ব্যঙ সাতার কাটিয়া কুটিয়া কোন রকম বাচিয়া আছি।

নয়না না, তোমরা মরা। জলার ব্যঙর তবু ও চেত আছে আর তুমরার চেত্বেত্ কুন্তা নাই। তুমরা মরা-

(নয়না ক্ষোভে অভিমান ছুটে ঘরে ঢোকে যায়)।

[ওদের প্রতিবেশি মাধব হন্ডদন্ড হয়ে প্রবেশ করে]

মাধব একটুকরা তক্তা আছে নিবা রবিদা?

রবি তক্তা কেনে বে?

মাধব নাওটা ঠিক করতাম আছলাম। রবিদা, দেখিয়া আইয়ার বান্দর তাল বালা নায়, শহরবায় একটু কাম অর, কিন্তু ইবায়দি ত কোন ঘণ্টাও নাই।

রবি তে গরমেন্টওর মানুষ অখলে কিতা করের?

মাধব সব ভাগছে কিতা করত জিনিষ পত্র নাই, পয়সা নাই কলাগাছ কখান কাটিয়া ফালাই থইছে যদি আটকে ত আটকিল।

রবি কিন্তু যখন পয়সা আছিল তখন কি ঘণ্টার কাম হইছে? কাগজপত্রে যেখান মাইলর পর মাইল উচা বান্দ,

জাগাত গিয়া দেখ খালি মাঠ আর মাঠ।

মাধব ইতা আর কারে কইতায় কও। যারাউ দেশরে চালাইরা তারারে চালাইবার লাগিয়া ও পয়সা খরচ অয়। মকা পুটি, বোয়াল হখলর খিদা মিটাইয়া বান্দর খিদা আর মিটে না।

রবি অয় ই ঠিকউ কইছছ। তে যাওয়ার কোন ব্যবস্থা কররে নি?

মাধব অনিলদার বড় নাও অখান যদি ঠিক করতাম পারি?

রবি পারবে নি?

মাধব অয়, মন অয় পারমু, আর বিপদ বেশি হইলে হক্কলে মিলিয়া হপার যাইমুগি।

রবি আইচ্ছারে, উত্তরর বান্ধ উঠা যাইত নায়নি?

মাধব উত্তরর বান্ধর হাত খানেক নিচেউ পানি কিতা অয় কওয়ানি যায়। তে তুমি চিন্তা করিওনা, কিচ্ছু একটা ব্যবস্থা করমু।

রবি না নিজের নিজের লাগিয়া চিন্তা করিয়ার নারেবা, পুয়া ইগুর লাগিয়া চিন্তা। বেরামটাওনু বারি গেছেগি, কিতা যে করতাম।

মাধব নারুর নি? কিতা হইছে, হে? (ঘরের দরজায় দাঁড়িয়ে ছেলেকে দেখে)

রবি কি জানি, কাইল কিতা কিতি খাইছিল্ রাইত থাকিয়াউ খালি বমি আর পায়খানা।

মাধব খবর খানত আগে দিতে আছলায় ডাক্তার বাবুরে ধরিয়া লইয়া আইলাম নে।

রবি খবরত দিছিরে বা সকালে, অখনত আইলানা?

মাধব বোধহয় টেকার দান্দা করের, হালা, কম্পাউণ্ডার, টেকার পিচাশ।

[ডাক্তার প্রবেশ করে মাধবের শেষ কটি কথা শুনতে পায়]

ডাক্তার কি রে রবি আমার জন্য এখনত বইস্যা আসছ? আর কাউরে পাছ নাই?

রবি আর কারে পাইতাম ডাক্তারবাবু, সেন্টারের ঔষধে আমরার কাজ হয় না অখন আপনেউ ভরসা।

ডাক্তার দেখি চল। (ডাক্তার নয়নার পেছন পেছন ঘরে প্রবেশ করে ছেলেটিকে পরীক্ষা করে, নয়নার কাছে তার বর্তমান অবস্থা জানতে চায়। কিছু ঔষধ দেয়। বাইরে মাধব ও রবি কথা বলে)

রবি মাধব, দুইটা টেকা ধার দিবেনি?

মাধব টেকা?

রবি অয়, দুই টেকা। ডাক্তারবাবুরে দিতে হইব, না দিলে মানতনা, ঘর একটা পয়সা নাই যে দিমু।

মাধব হাসাইলার রেবা রবিদা, টেকা! তিনদিন থাকি সিদ্ধভাত, মার ভাত খাইয়া আছি তেলের অভাবে বাত্তি না জালাইয়া সন্ধারাইত ঘুমাইরইছি। তুমি তো তবুও এখান বাত্তি জালাইরায়।

রবি আমার ঐ লেপ্টন দেখিয়া কইরে না কিতা? একটু পরে তেল শেষ হইব, তখন তুই আর আমি সব সমান, ছিড়া কাথা গাও দিয়া ঘুমাইথাকমু।

মাধব আইচ্ছা রবিদা, কওছাইন এই জেলাত কত ভিক্ষুক?

রবি কেনে?

মাধব কওনা।

রবি হইব শ দুই-এক।

মাধব [মাধব এবার তার সমস্ত যন্ত্রনা ক্ষোভ উগড়ে দেয়] নারেবা হাজার হাজার। কিছু রাস্তায় ঘুরে যারারে দেখা যায়। আর কিছু আমার তোমার মত আধা ভিক্ষুক খালি ভিক্ষা করে না—আবার মাইনসর মতন বাচতে চায় হেও পারে না এক একটা প্লাড তারার সব শেষ সম্বলটা কাড়ি নেয়।

ডাক্তার [ঘর থেকে বেরিয়ে] এই যে রবি আমার ঔষধ পত্র যা আছিল আমি দিলাম কিন্তু কমব করিয়া বুঝিনা।

রবি তে অখন কিতা করতাম?

ডাক্তার কি করবি সেইডাত ভাইবা পাইনা। হাসপাতালে নিয়া যাইয়া কিছু লাভ নাই ঔষধপত্র পাইবা কইরা বুঝিনা।

রবি তে শহর যাইতাম গিনি কুনুমতে?

ডাক্তার যাইতে পারবা?

রবি মাধবে অনিলদার বড় নাও ইগু ঠিক করের, দেখি ঘণ্টা তিনেকের মাঝে নি
বারই যাইতাম পারি। নদীর পানিও বলের, গেলেত তাড়াতাড়ি যাইতাম গি।

ডাক্তার পার যদি তরা কইয়া যাও ছেলের গতিক সুবিধার না আর পারলে হরিশের পোলাডালে লইয়া যাইস হেইডারও এক অবস্থা। থাক আমি চল্লাম।

[নয়না ঘর থেকে সামান্য চাল বের করে দেয় রবি ডাক্তারের দিকে চালের ব্যগ এগিয়ে দেয়]

রবি ডাক্তারবাবু রাগ করইন না যেন। টেকা দিতাম পারিয়ার না এর লাগিয়াউ দুই কেজি চাউল আনছি ঘর আর নাই কইতে কুস্তা নাই।

ডাক্তার চাউল আনছস?

রবি অয়, মানে টেকা পয়সা থাকলে আমি আপনার পয়সা বাকি রাখলামনাওনে।

নয়না আপনে ত যানইনঅউ অবস্থা, আইজ দুইবছর চাউলও প্রায় উঠছেনা। খাইতাম না বিক্রি করতাম।

ডাক্তার আরে আমারে কি ভাবছস ক দিকিনি? আমি একটা অমানুষ না। ঘরে ঢুকার মুখে শুনলাম মাধব আমারে গালপাড়তে আছে পিশাচ।

রবি না না আমরা আপনার কথা মাত্ছিনা।

ডাক্তার তরা লুকাইয়া আর কি করবি ক দিখিনি, অনেকেই কয়। কিন্তু আমি এই রকম আছিলাম না, ঠেইক্যা শিখছি মাইনষের ব্যবহারে তিতি বিবিক্তি হইয়া।

রবি যন্ত্রনায়, পুয়া অগুর চিন্তায় কিতা থেকি কিতা কইছি, মাপ করি দেইন।

ডাক্তার এই রকম চিন্তায় দুঃখে আমিও কেটকেটে করি। মানুষ দেখে বাইরটা - তারা জানে আমি পিশাচ অসৎ, কিন্তু পিশাচ না অইলে বাচুম কি কইর‍্যা। এই বুড়া বুড়ির ত আর অন্য কোন সন্তান নাই। আমার জোয়ান ছেইলেটা যদি অকালে চইলা না যাইত।

রবি ডাক্তারবাবুর আমরা ত জানি আপনার কোন ছেলে মেয়ে নাই!

ডাক্তার অয় তোরা আমার বাইরের খবরডা রাখস, আইজ যেমন তুই তোর ছেইল্যারে লইয়া আথাল পাথাল করতাছস একদিন আমিও আমার জোয়ান পোলাডারে লইয়া এই ভাবেই হাসপাতালের দরজায় মাথা কুটছিলাম কিন্তু একজন ডাক্তারের সহানুভূতিও পাই নাই । এরপর তোরা আমায় ক আমার ভিতরের মানুষটা কি কইর‍্যা বাইচ্যা থাকে।

নয়না ডাক্তারবাবু, কইন্না আপনার কিতা হইছিল আমরাও একটু জানি মনটাও আপনার হালকা হইব।

ডাক্তার শুইনা আর কি অইব মা।

নয়না	না আমরা একটু জানলাম - ডাক্তারবাবু—

[ডাক্তার আনমনা]

ডাক্তার	উঃ। হাসপাতালে যখন গেছলাম যখন পর্যন্ত ছেলেটা কথা কইতে আছিল সে আমারে কইল বাবা হাসপাতাল আইছ - তয় বাবা আর চিন্তা কইর না। সেই রাইত থাইক্যা ঘণ্টার পর ঘণ্টা হাসপাতালের দরজায় বইয়া রইছি। কিন্তু একজনের সাহায্যও পাইছিনা আর ঘুইরা ফিইরা যখনই ছেলের সামনে দাড়াইছি তখনই তার মায় আমার কাপড় টাইনা ধরছে কইগো ডাক্তার কই, বাধ্য হইয়া দূরে দাড়াইয়া তার ফ্যাকসা হইয়া যাওয়া মুখটা দেখতে আছিলাম।

নয়না	একটু আগাইয়া গিয়া একজন ডাক্তারের খুজতো করতে পারত?

ডাক্তার	গেছিলাম মা গেছিলাম। বড় ডাক্তারের দরজায় বার বার ধাক্কা দিছি, একটা সময় দরজাটা ভাঙ্গাই ফালাইতে আছলাম কিন্তু শব্দ ও কেউ করলনা। তায় ক্লান্ত হইয়া ফিরা আইতি আছিলাম, তখন চাইয়া দেখি একটা ছাওয়াল মনত ডাক্তার আমার ছেলেরে দেখেতে আছে কিন্তু হায়রে আমি তখন নিশ্চিত জানি তার যে বিদ্যা সেই বিদ্যায় এইসময় এই রোগী বাচানো সম্ভব না, কিন্তু আমি একটা বারের লাগিয়াও জিগাইতে পারি নাই ডাক্তার তুমি কই আছিলা, কারণ আমি ততক্ষনে বুইঝা গেছি যে আমার যা সর্বনাশ হওনের অইয়া গেছে, তারপর ভোর হয় হয় সময় ছেলেটা তার মার কুলে মাথা রাইখ্যা চইল্যা গেল - না না আমি তখন পর্যন্ত শক্ত আছিলাম কিন্তু যখন দেখলাম হেই সকালেই একজন পয়সাওয়ালা রোগী দেখতে হাসতে হাসতে গাড়ি থেইক্যা নামতে আছে হাসপাতালর ঐ বড় ডাক্তার, তখন আমার মাথায় রক্ত উইঠা গেল একটা ইটের ঢেলা লইয়া ছুইরা মারলাম তার মুখে—কিন্তু ঢেলা গিয়া পড়ল তার গাড়ির কাচে, আর আমি জেলের ঘানী টানলাম তিন তিনটা মাস— আর ঐ তিনটা মাসে আমার একটা জ্ঞান হইছে যে ডাক্তার হইতে গেলে হাসপাতালের দরজায় মায়া, মমতা, কর্তব্য যাকিছু আছে সব মুইছা ফালাইয়া দিতে হইব। আর যারা নিঃস্ব হইয়া আছে তাগো লাইগ্যা তুইল্যা রাখতে হইব ঘৃণা। আসলে ডাক্তারের কাছে রুগী একজন খদ্দের তার উপরে উঠার সিড়ি, যাউক আমি চলি। তরার মত এক আধটা আধপেটা বাড়ির দরজায় বইস্যা আছে। পয়সাওয়ালা গুলাইনত আসে না। তোরাই আমার সম্বল, কই দে , আমার ব্যাগটা দে। (চলে যায়)

[রবি যেন ডাক্তারের ঐ কঠিন মুখোসের আড়ালে সাধারণ মানুষটিকে চিনতে পারে]

রবি	মানুষের বাইর দেখিয়া ভিতর চেনা যায় না। এই মানুষটা ও দেখি আমরার মতই ঘা খাওয়া (নয়নার দিকে তাকিয়ে) এই কিতা করছ?

নয়না	. না দেখি। [নয়না ঘরের পাশের ছোট্ট নালাটায় চোখ রাখে]

রবি	আরে দেখচ কিতা?

নয়না	নালার পানীয়ে নি দম দরে।

রবি	তে দেখিয়া কিতা হইত?

নয়না	দেখ নানি সবসময়ই নালার পানী ফুলিয়াউ ঘর ঢুকে।

রবি	না, ইরকম কিছু হইত নায়। বান্দতো মাটিছরাত ভাঙ্গছে ইত বউত দূর। আর কাশীপুরর বান্দ ভাঙ্গবার আগেউ আমরা হিপার যাইতাম পারমু। চিন্তা করিছ না। আইচ্ছা, নারু একটু ঘুমার নি?

(বলতে বলতে মাচায় বসে একটা বিড়ি ধরায়। নয়না দরজা থেকে ঘরের ঘরের ভেতরে উকি দেয়)

নয়না	চউক বন্ধ করিয়া তো শওয়াত, কি জানি কিতা হইব?

(হন্তদন্ত হয়ে রসেন্দ্র দাসের প্রবেশ)

রসেন্দ্র রবি, রবি কই, কিতারে রবি, তর পাও কিতা মহারাজার লাখান্ তেল মালিশ করা লাগব্নি? কছতে দেই।

রবি আপনে ইতা কিতা কইন বাবু—

রসেন্দ্র কিতা কইন? তর খুজে কয়বার মানুষ পাঠাছি যেমন বড় বেটা বনিয়াগেছস্গি এখান খুজনি লইছ্চ?

রবি বাবু আমার কিলা অবস্থা যার আমি জানি। গতকাইল থাকিয়া পুয়াগুর দাস্তবমি, শরীরর তাল খারাপ ঘরর বেড়া লক্কর ঝক্কর করের, ঝড়েনি উড়াই নেয়গি ইতা নানা চিন্তায় আমি পাগল।

রসেন্দ্র কাম পরলেউ তরার আইজ ইতা তে কাইল ইতা আমার ইবায়দি কি বিপদ যার ই আমি জানি— কেমনে মাল তুলতাম কই তুলতাম। হরির মায় ইদিকে কান্দিয়া কাটিয়া শেষ(‘কয় তুমার লাখান আউয়া দেখিয়া আইজত ওলা ঠগ্ খারাম যেতাইনরে বিপদ বাকি দেও অতায়উ শেষে তুমারে ঠকইন্।

রবি বাবু আপনে ইতা কিতা করা বাবু?

রসেন্দ্র তে কিতাতে, বিপদ দিছ্লাম্নি ৩০০ টেকা, আর বাকীত মাল আইজ তুইও আমারে বেং দেখারে।

রবি আপনে কিতা মাতইন আমি বুঝিনা। গত তিনমাসনু আপনার ধান ঝাড়িয়া দিলাম এক পয়সা নি লইছি?

রসেন্দ্র ই কিতা কছ এক বছর খাটলেনি ই ঋণ শুধ করতে পারবে বেটা বেয়াক্কল।

[নয়না ঘর থেকে বেড়িয়ে বাবুর কথার প্রতিবাদ করে **]**

নয়না আপনে ইতা কিতা মাতইন। এইন যাইবা কেমনে। পুয়াগুর কি অবস্থা হাড়ে মাংস এক হইগেছে অখন যায় কি তখন যায়, ঘর তেল নাই, খাওয়া নাই, লাকড়ি নাই আর আপনে—

রসেন্দ্র (রসেন্দ্র নয়নার কথা শুনেই নিজেকে পাল্টে নিয়ে) কিতা হইছে গো দেখি (দরজা দিয়ে ছেলেটাকে দেখে) ইস্ ইতো ভালা লাগের না, আমারে তো এখান খবর দিতে আছলে—ইস্ এক কাম কর— ঔ নে ধর—(৫০ টাকা দেয়) অখন কাম লাগ্ব আর আমি পচারে পাঠাইরাম্, ৫ বস্তা চাউল দিলাইছ—বাকী পয়সা কাটাকাটি করিলাইমুনে—ইস্ কী বিপদ— দেখ চাইন—

রবি পরতাম নায়—হইত নায় বাবু।

রসেন্দ্র আরে হুন বেটা। চাউলের দর বাজার মান্দা যার, খালি তর ঔ বিপদ দেখিয়াউ, নায় চাউল ইতা আমি কুন গুদাম উঠাইতাম।

নয়না বাবু, ঔ ক এক বস্তা চাউল আছে —ওতাদি কুনুরকম চলের ওতা আর নেইন না যেন পারইনতে থুরা আলু বাইগন, কেরেস দেইন।

রসেন্দ্র আলু বাইগন, বস্তা ঝাড়িয়ানি কুস্তা পাইমু। আর কেরেস্! এক আধ লিটারনি হইব। ঠিক আছে তুমি যখন করায়—যাইওগি থুরা কাম উম করিদিলাইবায়। আমি দিমুনে—রবিরে চাউলের বস্তা তিন খান দিলাইছ—নানি। পচা আইবনে থুড়া বাদে।

রবি বাবু পারতামনায় আপনে অন্যবায় দেখইন ই বস্তা আমি বেচতাম নায়।

রসেন্দ্র বেচতায় কেনে, মানুষের ঋণ ত শুধ করতায়— টেকা যে দিন আনছলায় হিদিন ই কথা মন আছলনানি? আমার অখন প্রয়োজন খেয়াল রাখিস উপরওয়ালা আছইন, টেকা দেও আর নায় মাল দেও (নয়ানা কে অন্য সুরে) পুয়াগুরে অসুধ দিরায় নি কুস্তা। ইস বড় চিন্তাত্ ফালাইদিছে (গলার স্বর পরিবর্তন করে) রবি এরে হুন, হুনরাম তোরা এখখান নাও ঠিক কররে যাওয়ার লাগিয়া?

[নয়না এবার রসেন্দ্র কুউদ্দেশ্য বুঝতে পারে। ও দ্রুত ভেতরে চলে যায় **]**

রবি অয় বাবু।

রসেন্দ্র নাও ওখান কার রে? আমার নু থুড়া লাগে। ঘরর মাল অতা হউ মন্দির টিল্লাত তুলি দিয়াইতাম।

রবি অনিলদার নাও। কিন্তু ইখান তো আমারা হপার যাইবার লাগিয়া রাখচি।

রসেন্দ্র ই আমি বুঝিয়ার। আমার অত মাল তিনখান নাও এ হরনা আর এখান লাগে হের লাগিয়াউ, - আর আর কাইল পরশুর আগে ত পানিয়ে লাগ পাইত নায় — হের আগেউ আমি পাঠাই দিমু।

রবি না বাবু বান্দ্র তাল ভালা নায়। কুন সময় কিতা হয়— না ইখান্ আমরা দিতাম নায়।

রসেন্দ্র আইচ্ছা, আইচ্ছা— নাও ওখান অনিলর নানি—আইচ্ছা আমি পচারে পাঠারাম।

(নয়নাকে) আর তুমি যাইওগি গো - আইছা নাওখান অনিলর নানি ? আইছা, কাইল যাইয়গি - পুয়াইগুয়ে বড় চিন্তাত পালাই দিল। (চলে যায়)

রবি হালার হালা ইতর মানুষর বিপদউ তার ধান্দা।

নয়না হি বেটারে না আইলে আমরারনু চলেও না। বাকীনু হে দেয়। আরনু কেউ -

রবি অয়, শালা ই জীবনর উপরে এক্কেবারে গিন্না আইঘেছে (বিড়ি ধরায়) দিন রাইত খালি চিন্তা - আইজ ইতা, তে কাইল হিতা। হালার এক কপালও লইয়া আইছিলাম। আইচ্ছা তুইন কচাইন, সত্য করিয়া ক যেদিন পয়লা ইন আইছ্লে হিদিন কিতা ভাবছিলেনি যে জীবনটা অত অসুন্দর অইব?

নয়না ইতা কেউ ভাবে নি? কত আশা আছিল মন। পয়লা যেদিন ইন আইছলাম কত খুশি আছিল মনটা। বাস থাকিয়া লামিয়া ওউ আল ধরিয়া আইছিলাম - কী সুন্দর যে লাগছিল, ই জাগাটারে, অউ নদীর পার, বটগাছ, ইস কী সুন্দর জীবন।

রবি আর আইজ ই নদীটারে মন হয় যেন একটা রাইক্ষস, যেতা পায় ইতা খায়, জমি জমা, ঘরবাড়ি সব আর প্রত্যেকটা দিনরে মন অয় একেকটা বছর।

নয়না আইজ চাইর দিকেউ শত্রু।

রবি অয় মানুষ শত্রুই কম কিতা। আমার ই আড়াই বিগা জমি খাওয়ার লাগিয়া কিতা কম চেষ্টা অরনি? আমার চাইর বিগা জমিরে মানুষেউত জুর করিয়া আড়াইয়া বিঘা করছইন।

নয়না মানুষরটা তবুও বুঝি। হেরার চউক লুভ। কিন্তু নদীটা। হিটায় কিতা চায়, কুন পাপে বছরে বছরে চউক লাল করে?

রবি চড়া পড়িয়া তার পেটা ভরি গেছেগি, হে নিজেউ মরি যারগি, আমরারে বাচাইত কিতা?

নয়না আইচ্ছা গো, তে অন্য কুনু দেশ যাওয়া যায় নানি? যেন একটু সুখ আছে, একটু শান্তি আছে।

রবি ওউ একটা জাগাত ঔ আমারে মারিলাইছেরে, তুই কচাইন, তুই নিজেনি ওউ পচা জাগাগু ছাড়িয়া থাকতে পারবে? তর মনেনি মানব?

এর মধ্যে ঝগড়া করতে করতে হাদু ও তার বউ জবা, দুই মাঝ বয়সী দম্পতী প্রবেশ করে ওদের হাতে মাথায় পোটলা-পাটলিতে ওদের সংসার। হাদু দিনভর নেশাতেই ডুবে থাকে

নয়না (উদ্বিগ্ন নয়না) কিতা অইছে, মাটিছড়ার পানিয়ে তুমরারে লাগ পাইচেনি?

জবা বইন, আর কইয় না। একেবারে বাসাইয়া নেরগি। বাপরে বাপ্ - কি পানি, কি পানি, কিতা কইতাম রবি ভাই - পানিয়ে যেমন সব্তা ভাঙ্গিয়া পাগলার মত লইয়া যার। মাইনষর কি চিৎকার আমি আছলাম শয়াত আকতা চিৎকার শুনিয়া খাট তাকিয়া মাটিত পাও দিয়াউ দেখি নিচে পানি। আতর সামনে যেতা পাইছি - ওউ বস্তা সুটকেস অখান টানটুন মারিয়া লইয়া বারইয়া আইছি। আর পিছে বায় দেখছিনা। অতক্ষণে মনঅয় ঘরর টুল্লীত ছইলিছে। বাপরে বাপ কি পানি - কি পানি। (হঠাৎ গলা বদলে) আর অউ বেটা ওগু তখন কই গাইন্জা টানাত আছিল। হারামজাদা -

হাদু চুপ আর একটা কথা কইস্ না, বউত কইছস, তখন তাকি কইরে, আর একটা কইলে-

জবা কিতা করবে? ওই বেটা কিতা করবে?

নয়না এরে - কিতা অইছে গো, চিৎকার ফালাইছ কেনে?

জবা আর কইও না বইন ওউ বেটা ইগুরে সকাল তাকিউ কইয়ার হুন পানি আর,
গুচগাছ করিয়া রাখো। না বন্ধু বান্ধব লইয়া গাইন্জা টানিতরা।

হাদু তে কিতা, আমি চেষ্টা করলে ই পানিরে আটকাইতাম পারলাম নেনি? আমার কিতা করার আছিল।

জবা কথা কইছনা অলস। ছিছিরে - থু - থু - থু

হাদু দেখ ভালা অইতনায় কইয়ার।

জবা কিতা করবেরে বেটা গান্জাকুর।

হাদু ভালা অইছে গান্জা খাই। আমার পয়সার খাই, তোর বাপর কিতা

জবা লজ্জা নাই, নিলাজ বেহায়া। ঝি গিরি করিয়া তোরে খাওয়াই ত তোর কথা শুনলে মানুষে তোর মুখ গু দিব।

হাদু অ - তে আমিও কই। রাইত বিরাইতে বেটাইন্তে যে ঘর আওয়া যাওয়া করইন সবঔ আমি দেখি কিন্তু আমিও কথা কইনা চোখ বন্ধ করিয়াউ থাকি।

জবা যদি আয় তো আয়। তোরে জিগাইয়া আইত নাকিতা? আমি ঔ যখন খাওয়াই তখন আমার যেতা ইচ্ছা আমি করমু। তুই কিতা কথা কছরে ইতর?

হাদু তোর মত মাগীর দাত কয়টা যদি হাত আইজ না আনছি -

জবা অ - তাইলে দাড়া, তরে শেষ করিয়া আজকে মুক্তি পাই।

হাদু অয় - তরে টুকরা কইয়া আমিও শান্তি পাই।

জবা আয়—

হাদু আয়— (ঝগড়া প্রায় হাতা হাতির পর্যায় পৌছায়, রবি নয়না ওদের সামলানোর চেষ্টা করে)

রবি আরম্ভ করছ কিতা, লেংটা বাড়ি পাইছনি?

হাদু না বা বেটিয়ে বড় দেমাক দেখায়। দুই পয়সার খাওয়ায় দেখিয়া গাইন্জা খাওয়ার খুটা দেয়।

জবা খালি খুটা নায় আমার আতউ তর শেষ লেখা।

নয়না আরম্ভ করছ কিতা। ঘরর মধ্যে পুরাইগুর অসুক কোন সময় কিতা অয় - চিন্তায় আমরা পাগল ইবায়দিয়া পানির চিন্তা আর তুমরা - তুমরা কিতা মানুষ নানি?

হাদু ইস্। পুয়াটার অসুখ, ই কথাটা তো আগে জানছি না।

[জবা নয়নার কাছে অভিযোগ জানায়]

জবা কওছেন বইন আর কত সহ্য করতাম। আমার সারা জীবনর সম্বল ঔ ঘরখান। আমি যেতা বানাইছলাম ইতা অর্ধেকটা ঔ ঘর পড়াত খালি অউ মানুষটার একটু জিদর লাগি, হে কিতা জানে নানি ইতা আমার কত কষ্টর ধন (কেঁদে ফেলে)

হাদু (নির্বিকার) অয় কী দরকার অর্ধেকটা বাচাইয়া, কুনু লাভ নাই - কিছু নাই হি এক ভালা,
নাই নাই। আইচ্ছা কও চাইন মিছা কইছি নি, তুই যে টানি টুনি থুড়া বাচাইলে পারবে নি ঔ খান বেশিদিন

বাচাইয়া রাখতে। ই ফলাড যাইব তারপর আরেকটা আইব তারপরে আরেকটা শেষ নাই তর যেতা আছে সব লইয়াউ তার শান্তি, এর লাগিয়াউ কই আগেউ যেতা আছে দিলা। যে কয় দিন বাছমু হালার গাইনজা ভাং খাইয়া কাটাউ দিমু। টান মারলেউ সর্গ।

জবা অয়, তোর ত সর্গ, আর আমরা বিষের জ্বালায় জ্বলি, তর ত কিচ্ছু নায়।

হাদু আমি ও ত কই তুইও গাইন্জা ধর, দেখবে কুনু চিন্তা আর চিন্তা নায়।

জবা আর কিথা মাততাম? তুইতো একটা অমানুষ। জাননি বইন - দুইদিন আগে কোর্ট জাগা ছড়ার নোটিশ দিছে। ই দিকে আবার রসুই বাবুয়ে কয় ঘরর ভাড়া বাড়াইতাম আর নায় ঘর ছাড়া লাগব - কই যাইতাম, কিতা করতাম, চিন্তায় আমি পাগল।

রবি পরিবারর দুঃখ আর কষ্ট একটু বুঝবার চেষ্টা কর হাদু। একটা মানুষ আর কত কষ্ট করব। আমরা দুইজনেউ কিচ্ছু করিয়া উঠতাম পারিয়ার না।

হাদু বুঝার কিতা আছে। কিচ্ছু নাই। হাচাউতো আমরা কৃমির মত দেশটারে গাত কামরাইয়া বয়াত আমরার মত পচা ওতারে ঝাড়াইয়া ফালাইতে পারলেই ফুলিয়া ফুলিয়া ই দেশ ইখান গাট্টা হইযাইবগি। আর যেতার চাউল চুলা কুন্তাউ নাই ইতার আবার ঘরসংসার কিতা?

নাডু (ঘর থেকে মাকে ডাকে,) মা মাগো পানি দেও - পানি

[জবা ও নয়না কথা বলতে বলতে ঘরে যায়]

জবা ঐ পুয়াইগুয়ে ডাকের, চল যাই। মন অয় খাইত চার। ইস অত সময় নিজেরা মাত্তে মাত্তে হের কথা একেবারে ভুলি গেছলাম। একটা বারও জিগাইলাম না যে তার কিতা হইছে ।

নয়না কি জানি গো কাইল থাকিয়া যে কিতা হইছে দিন রাইত খালি বমি করের - ডাক্তারবাবু দেখিয়া কইয়া গেলা, যেমনে হউক হপার লইয়া যাইতামগি। শরীরর তাল বুলে সুবিধার না।

জবা তে বই রইছ কেনে? গেলায় গি না কেনে?

নয়না তে যাইতাম কেমনে? অনিলদার ভাঙ্গা নাওখানউ শেষ ভরসা। যদি মাধবে নাওখান ঠিক করত পারে তেউ যাইতাম।

জবা তে খবর কুন্তা পাইছনি?

নয়না না অখনও কিচ্ছু জানাইলানা। জানি না ভাগ্যত কিতা আছে।

[হাদু মাচার পাশে বসে এবার নিশ্চিন্তে গাজায় দম দিচ্ছে রবি তখন ঘরের সামনের নালায় জল দেখছে]

হাদু কিতা দেখরায় রেবা?

রবি না - নালার পানি যেমন আকতাউ বাড়িগেল।

হাদু না ইখান কিচ্ছু নায়, ইতা কিচ্ছু নায়।

রবি কিন্তু এমনেউন পানি ঘর আইয়া উঠে। (হঠাৎ চোখ পরে দূরে) আরে বান্ধের উপরে বাত্তি জ্বলের মন অয়। (চিৎকার করে ডাকে) কেবা - কে যাওরেবা - অবা - এই যে হুন।

হাদু অয়, কে যেন যায় মন হয়?

রবি কে বা কে যাও - মাধব - মাধব -

মাধব (দৌড়ে আসে) কিতা, কিতা হইছে।

রবি দেখছাইন বান্দর উপরে বাত্তি দেখা য়ার মন অর।

মাধব অয় ত পানিয়ে ঠেলিয়া তুলছে মনওর।

রবি দেখনা কওয়াত যায়না, আইজকাইলের দিনমাদান বালানা। কার মন কিতা আছে।

মাধব বান্দ কাটার ডর ডরাইরায়নি, না না এমন সাহস অইতনায়।

রবি আহা কওয়াত যায় না, দেখতে দুস কিতা।

মাধব কইছ যখন তখন দেখিয়া আই, আরে হুন তুমরা কিন্তু রেডি হইয়া থাকিও বেচুয়ে খবর দিয়া গেল রসুলপুরের বায় বুলে পানি ঢুকের, আগরতনে রেডি হওয়া ভালা। কওয়াত যায় না যদি কিচ্ছু হইযায়।

রবি তর আর কত দেরি, নাওর খবর কিতা?

মাধব এখান ভাঙ্গা কাঠ খালি জুড়া দিতাম পারিয়ার না। তবু হইযাব, আমি যাইয়ার আমি খবরটা লইয়াই, যাইমু আর আইমু। (মাধব চলে যায়)

জবা কিতা অইল রবি ভাই, পুয়াগুরে তাড়াতাড়ি লইয়া গেলেউ ভালা।

নয়না যাওয়া যখন লাগবউ।

রবি নাওটা আগে ঠিক হইতে দে। একটু সময় লাগব।

নয়না একটু আগগাইয়া দেখলে ত হয়।

রবি যার নাও তারাউ দেখের।

নয়না তে ঘর বইথাক চিন্তার যখন কিচ্ছু নাই।

রবি তে কিতা করতাম? নাও একখান বানাইতাম নি?

নয়না নাও বানাইবার কথা আমি কইছিনা, কিন্তু আগে চেষ্টা করলে কিচ্ছু একটা করা যাইত।

রবি কিতা ব্যবস্থা করতাম, তখন তাকিয়া কইরে - আমার নাও আছেনি - মনা যাদব কালু কেউর নাও আছেনি? তুই কিতা ভাবছস, আমার চিন্তা নাই?

নয়না চিন্তা থাকলে মানুষ ইলা বয়াত থাকেনা, আমরা মরি যাই কেউর তো কিচ্ছু না।

রবি পুয়া কান্দ ফালাইয়া নদী পার হইতাম, তুই ক আমি কিতা করতাম?

নয়না আমরারে মারি ফালাইদেও, আমরা শেষ হইগেলেগি আর কিচ্ছু করা লাগতনায়।

[নয়না ছুটে ঘরে চলে যায় **]**

রবি ইতা কিতা কছ তুই?

জবা ছিঃ ছিঃ, কিতা মাত ইতা, মানুষটা কিতা কম চিন্তা করেরনি।

রবি কিতা কইতাম কওছাইন? আমি কিতা করতাম পারি? এক এক সময় মন হয় দুর সব ছাড়িয়া ছুড়িয়া যাইতামগি কুনখানো।

জবা দুঃখ মানুষর সব বালা বুদ্ধি নষ্ট করিলায়, ইতা তাইর দুষ নায়।

রবি (দীর্ঘশ্বাস ফেলে) হয়, তাই কি রকম বদলি পেছেগি। কি যে হাসিখুসি আছিল তাই। কত স্বপ্ন দেখছি দুইজনে মিলিয়া কত কাম করছি কত কল্পনা করছি - এখনো একদিনর কথা মনে আছে-

(দৃশ্য পরিবর্তন হয় - সময় সন্ধ্যা - শিশুটি বিছানায় পড়ছে - রবি মিটিং সেরে বাড়ি ফিরছে)

নাডু আমাদের ছোট নদী চলে আঁকে বাঁকে....

রবি বৌ - বৌগো (শিশুটি দৌড়ে আসে)

নাডু বাবা - বাবা - বাবা আইছে।

নয়না কিতা গো অত দেরী কেনে? আমি ইদিকে বয়াত। বিপদনাশিনীরে আইজ তেল, সিন্দুর দিয়া বয়াত।

রবি আর কইছনা। মিটিং নু অখন শেষ হইল। কত মানুষ যে হইছিল মাঠ, কিতা কইতাম।

নয়না কিন্তু কিতা লেকচার দিলা তে?

রবি হিটাউত আসল কথা, কিতা কইছে জানছনি - আমরার নদীতনু বান্ধ হইব। (রবি মাচায় উঠে বসেছে)

নয়না ইটা আবার এমন কিতা কথা, ইতো প্রত্যেক বছরউ দেইন আর বর্ষাত ধইয়া লইয়া যায়গি।

রবি তে কিতা কইয়ার, আরও কিতা হইব জানছনি? ঔবান্ধর ইয়য় হারা বছর ঔ নদীত পানি থাকব শীত গ্রীষ্মত একরকম আর তখন যদি এখান খাল কাটিয়া আমরার খেত ঢুকাইদিতাম পারি তে বছরে দুই দুইবার ফসল (ছেলেকে)। কান্ধ থাকিয়া নামরে বাবা একটু জিরাইবারদে।

নয়না হাছা কইয়ারনি?

রবি আরও আছে।

নয়না আরও।

রবি অয়। ঔ বান্ধর থাকিয়া ঘর ঘর লাইট জ্বলব, গ্রামর মাথাত স্কুল হইব, কলেজ হইব, আর ঔ আমরার দক্ষিণ পার বরাবর রেল চলব।

নয়না চলব, আমরার ঔ ভাঙ্গা ঘর লাইট জলব?

নাডু বাবা, আমি তে ঔ ইস্কুল পড়তাম পারমুনি? আমরার আর অত মাইল হাটিয়া ইস্কুল যাওয়া লাগতনায়।

রবি তে হিখান তর ঔ ভাঙ্গা ইস্কুল নায়, একেবারে পাক্কা দালান। বৌ আমি মনে মনে তখন কিতা ভাবছি জানছনি - যদি দুই দুইবার খেতর ফসল তুলিলাইতাম পারি তে হউ টেকা দিয়া ঘরখানও ঠিক করিলাইমু আর তর এখান রেডিও আর এখান সাইকেল - আর তর লাগিয়া এখান নাকর ফুল(যা ...

নাডু যদি ইস্কুলখান হইযায় তে দৌড়িয়া যাইমু আর দৌড়িয়া আইমু, নানি বাবা?

রবি হইব রে সব হইব, এখন যা বাবা পড়াশুনা করগি - ভালা ইস্কুল পড়তে গেলে ভালা করি পড়াশুনা করা লাগব। বাবারে আমার মত গাধা হইও না শেষেনু আমরার লাখান গাধার খাটনি খাটবে, জানছনানি লেখা পড়া করে যে গাড়ি ঘুড়া চড়ে সে - যাও (ছেলেটি ঘরে চলে যায় ও পড়তে শুরু করে)

নয়না হুন বউত ধান হইব নানি?

রবি অয় কত কত ধান—

নয়না রাখবায় কই ই - ধান?

রবি গোলা এখান বানাইমু বুঝছছ নানি? ধানর বস্তা একটার পর একটা আনমু আর তুই টানিয়া টানিয়া গোলাত তুলবে। (রবি ও নয়না স্বপ্নের ঘোরে হারিয়ে যায়)

নয়না আর তুমি যখন ঘামিয়া ভিজিয়া ঘর আইয়া হামাইবায় আমি তুমার লাগিয়া তখন বানাইয়া রাখমু দৈ, মুরি, আর খই।

রবি আর সন্ধ্যা কাল যখন ঘর ফিরমু, তখন দূর থাকিয়া দেখমু তুই ঘর লাইট জ্বালাইয়া আমার লাগিয়া বারান্দাত খাড়াহই রইছস।

নয়না হাছাঔ, এমন দিন আমরার হইব নি?

রবি হইব রে হইব। বড় বড় নেতা অখলর কথা মিছা হয়না। আর হুন তখন কিন্তু ঔ ফারা শাড়ী ইখান পরিয়া থাকতে পারতায় নায়। সুন্দর এখান সিল্কর শাড়ী আনিয়া দিমু। ইখান পরিয়া - দেখি, দেখি চাইন কেমন দেখায় (নয়নার মাথায় শাড়ী টেনে হাসতে থাকে। দৃশ্য পরিবর্তিত হয়।)

রবি আর আইজকাইল তাইরে যেন আমি চিনিউনা - কিলাখান জানি রসকস নাই -

(হাদুর চোখ নেশায় লাল)

হাদু কেমনে থাকত বা যে স্বপ্ন তানে দেখাইছ আসল জীবন তার এক ফুটা সাদও তাইন পাইছইনা, আর পাইতানায়।

রবি অয় জীবন দুঃখ ছাড়া তাইরে কিতাউবা দিতাম পারলাম। তে আর আশা করিয়া লাভ কিতা।

হাদু অয়, ই আসল কথাখান বুঝতে পারলেউ আর চিন্তা নাই। আরে ভাই বড়মানুযে মাট ঘাট বউত বড় বড় কথা কইন খালি, ভুটর সময় ছাড়া ইতা মন রাখা ঠিক নায়। অতারে হাছা ভাবইন কোন আউয়ায়।

জবা তোমার ত বইন দুইজন আছ। সুখের দুঃখে এক লগে, আর আমার আমি ত একলাউ এইন ত থাকিয়াউ নাই।

রবি একজন ঔ কও আর দুইজন দুখর বুজার ভার সমান দেখনা পুয়াগু পেট পচা কত তাবিজ কবজ করলাম (আধো অন্ধকারে জবা হঠাৎ লাফিয়ে ওঠে)

জবা আরে রবি ভাই পায়ের নিচে যেন ঠাণ্ডা লাগে।

রবি ঠাণ্ডা ঠাণ্ডা, সাপ সুপনি?

জবা না না ভিজা ভিজা।

রবি উবাও লেন্টনটা লইয়া আই।

হাদু (নির্বিকার) আমি অবশ্য বউত আগে থাকিয়াউ টের পারাম।

[লন্টনের আলোয় ওরা দেখতে পায় উঠোনের এক কোণায় জল চিকচিক করছে]

রবি আরে ইত পানি পানি আইগেছে।

জবা না না, এমনেউ মন হয় উঠান ভিজা।

রবি না না অউ পানি আমি চিনি - ঠাণ্ডা - ঘুলা। দাড়াও দাড়াও দুরে শব্দ - কুনবায় জানি কল কলাইয়া পানি হামার। (ওরা কান পেতে শোনে)

নয়না কিতা হইব মাধব ভাইতো এবহ আইল না।

রবি আইব, আইব। এক কাজ কর জিনিষ পত্র সব মাচাংও উঠাও।

নয়না গরু দুইখান।

রবি এখনও সময় আছে - বেরা দেখলে দড়ি ছাড়িদিমু, পরে পাওয়া যাইব।

নয়না কিন্তু অত মাল?

রবি বুদ্ধি করিয়া এখান কাম কর - সবতাউ আমার কইয়া দেওয়া লাগবনি? আর আমরাত যাইয়ার গিউ আমি মাধবর খুজ লইয়া আই (বলে ছুটে বেরিয়ে যায়।)

[অসুস্থ শিশুটি ঘর থেকে চিৎকার করে]

নাড়ু মা মা

নয়না (আশঙ্কিত) বাবা কিতা হইছে?

জবা আমি কিছু মাল তুলি - তুমি ঘর যাও।

[জবা উঠোনে রাখা ওদের মালগুলি উঁচু জায়গায় তুলতে থাকে নয়না ঘরে ছুটে যায়]

নয়না আইছিরে বাবা, কিতারে বাবা শরীর খারাপ লাগের নি?

নাড়ু বমি বমি করের মা।

নয়না বাবারে (কেঁদে ফেলে) আমি এখন কিতা করতামরে বাবা, একটু পানি দিতাম নি, পানি দিয়া মুখ মাথা একটু ভিজাই দেই? ভালা লাগব।

জবা (জলের মধ্যে দাড়িয়ে মাল মাচায় তুলতে তুলতে) তুমি কিতা মাইন্‌ষর মত কুনু এখান কাম করতায় পারনানি -

হাদু কিতা করতাম কওচাইন।

জবা 'কিতা করতায়' - কইয়া দেওয়া লাগবনি?

হাদু মাল উঠাইতাম? উঠারাম - কিন্তু কিতা যে লাভ হইব মাল উঠাইয়া ।

জবা হি তুমার ভাবা লাগতনায়।

হাদু [এবার জল ঠেলে মাল তুলতে থাকে] ওয় আমি আর ভাবিয়া কিতা করতাম্‌ - অভাগা যেবায় যায় সাগর শুকাই যায় (হাদু হঠাৎ আবিস্কার করে এ প্রবাদ বাক্যটি এক্ষেত্রে সত্যি নয়।) না না আমিত অভাগা নায় - আমি যেবায় যাইয়ার আমার লগে লগে পানি -

জবা এরে, জলদি কর, - মালনু ভিজি যার।

[হাদু উঠোনের জলে হাটতে হাটতেই খুসি]

হাদু করিয়ার - করিয়ার - কিলাখান যে আরাম লাগের
ঔ ফ্লাডর্‌ ঠাণ্ডা পাণিত পাও ডুবাই ডুবাই হাটাত।

জবা অয় আরাম ত লাগবউ -। হইলে খেয়াল করিয়া দেখরায়নানি ই পানি নু হি পানি নায়, কত ঘরর পিছর নালা পায়খানার পচা মাল ঔ পানিত।

হাদু (রাগে) হউক্‌গি; তেও কত ঠাণ্ডা! মন রাখিস্‌ ইন যে পানি আমরার এমেলের ঘর হউ পানি পাঞ্চাইতর ঘরও অউ পানিউ হামার - আইজ হক্কলউ এক।

জবা অয়, অউ সুকেউ থাক। দেখরায় নি ঠাণ্ডা বাতাস বর - এরে গো বইন হুন -

(ঘরে ঢুকে পড়ে)

জবা হুন, এরে, ভালা করি ঢাকি ঢুকি রাখ -

নয়না বাবা একটু চউক বন্ধ করি থাক - ! ভালা লাগেরইনিরে বাবা -?

জবা আরাম লাগেরনিরে বেটা?

নাড়ু মা গো খাইতাম - মা খাইতাম -

নয়না খাইতেনি রে বাবা -? কিন্তু আমি এখন তরে কিতা খাওয়াইতাম রে ঘর চাউল ছাড়া আর কিচ্ছু নাই।

শিশু খাইতাম মা খিদা লাগছে।

নয়না একটু ধৈর্য্য ধর্ বাবা। সকাল হইলেউ কিচ্ছু এখান বেবস্থা করমু - বুঝছনি গো চুলা যে ধরাইতাম, এক টুকরা লাকড়িও ঘর না।

[জবা উঠোনে নেমে পড়েছে মুড়ির খোঁজে]

জবা এরে! আমার লগে কিছু মুড়ি আছে। অয় অয় দাড়াও - দাড়াও - বস্তাত বান্দিয়া রাখছি - (হাদুকে) এরে মুড়ি ইতা কই?

হাদু [নিরুত্তর]

জবা এরে হুনরায় নি? মুড়ি অতা কুন বস্তাত?

হাদু মুড়িনি? এঃ হেঃ - ইতা ত আমি আওয়ার সময় খাইদিছি - আর ইতা নাই! ইস্ বড় ভুল করিলাইছি।

জবা মরা - তুমি আমারে খাও, গাছপালা খাও জন্মর মত তোমার খিদা মিটউক।

হাদু হুন (নয়নার উদ্দেশ্যে জোরে) এরে হুনগো ঘরো গুড় আছেনি গো, গুড় লবন পানিদি মিশাইয়া খাওয়াও, থুড়া বল পাইব - ইস্ ইস্ - (হঠাৎ হাদুর চোখে পরে জলের মধ্যে ছুটো ছুটি করতে থাকা মাছের দিকে)

জবা (রাগে) 'বল পাইব' -। [হাদু উঠোনে ছুটে মাছ ধরতে থাকে]

হাদু শব্দ করিছ না— ধরছি ধরছি— যা হালার ছুটি গেলগি এখান মাগুর মাছ ধরছিলাম— ছুটি গেল।

জবা মরা, মানুষ মরের চিন্তায় আর বুড়ার মাছ ধরার সখ।

হাদু বাক্কা গাট্টা আছিল, পুয়াগুয়ে থুড়া খাইত পারলনে -

হঠাৎ জোরে হাওয়া বইতে থাকে
নয়না ঘর থেকে বেরিয়ে আসে

নয়না ওগো হুনরায়নি, বাতাস যে বাড়ের! তাইন অখন ও ফিরলানা কিতা যে অইব - একান কাজ গেলে অত সময় - ঔ দেখ ঘরর বেড়ায় কিলা লড়ের। কদিন থাকিয়া তানে কইয়ার ঘরর বেড়া বান্দাও -

[জবা উঠোনময় ছুটতে থাকে]

জবা মাইগো -! ই দেখি ঝড় আইল, অখন কিতা হইব গো—

হাদু ফালাইছ না, ঘর তার আছেনি কখান।

নয়না না, তার ত নাই।

হাদু দাঁড়া, আমার সঙ্গে কখান দড়ি আনছিলাম? কই ? (জবাকে)

জবা বস্তাখান দেখ।

হাদু কই? কইবে? কাজর সময় জিনিস না পাইলে আমার একেবারে মাথা খারাপ হইযায়গি।

জবা তাড়াতাড়ি কর আও আও, (ঘরের চাল দুলতে থাকে, জবা ও নয়না নিচে থেকে চালের বাঁশ টেনে ধরেছে, হাদু দড়ি খুজে পেয়েছে)

হাদু পাইছি।

জবা আমি ধরিয়ার। তুমি গাইট দেও।

হাদু শালার ইতানি দড়ি। একেরে পচা, ইতাদিনি বান্ধা যায়! আরে ধেক্কা দিস নায়। আমি ধরি রাখতাম পারিয়ার না।

জবা আমি দেক্কা দিয়ার নি। বাতাসে ঠেলের। এরে এরে।

[ওরা কোন রকমে দড়ি বাঁধার চেষ্টা করছে]

হাদু টানিয়া ধর। খানি ত তিন বেলা খারে, আর কামো ধেড়েস [রবি ছুটে এসেছে]

রবি যেতা ভাবছিলাম অতাউ হইছে, কারা জানি বান্দ ইগু কাটি দিছে হিবায় হুড়হুড়াইয়া পানি হামার।

নয়না মাধব ভাইরে নি পাইলায়? তাড়াতাড়ি নৌকার এখান বেবস্তা কর। হেসে ত আর বারনি যাইতা নায়।

রবি মাধবরে নু পারাম না - কইযে গেছে - হের বুড়ি মায় চিৎকার করের

নয়না কিতা যে অইব অখন! আমি আগেউ কইছলাম - যাও - আউগাইয়া খবর লও, না, অইব (বিদ্রুপের ভঙ্গিতে)

রবি আমি গিয়া কিতা করতাম ! আমি কুনুকালনি নাও বাইছি।

নয়না তে যাওতে কিছু এখান কর!

রবি কই যাইতাম - কিতা করতাম।

[মাধব ছুটে এসে মাচায় বসে]

মাধব রবি ভাই, রবি ভাই!

রবি কতা হইছে, কই আছলে?

মাধব হইছে না।

রবি কিতারে কিতা হইছেনা?

নয়না নৌকার বেবস্তা অরনি?

জবা যাওয়া নি যাইব?

হাদু তে দেরি কেনে বা।

মাধব হইত নায়, যাওয়া যাইত নায়।

নয়না ইতা কিতা কও?

রবি কেনে?

মাধব বউত চেষ্টা করলাম, কিন্তু একখান ফাক বউত চেষ্টা করিয়াও বন্ধ করতাম পারলাম না, শেষে গহরের নৌকাখানর খবরও লইলাম, না সব যে যার গেছেগি।

রবি তে অখন?

জবা পুয়াটার কিতা হইবতে?

মাধব সকাল হওয়ার আগে কিছু করার উপায় নাই।

জবা সকাল পর্যন্ত নি বাঁচে—(নয়না কেঁদে ফেলে)

মাধব আমিনি যাইতাম পারিয়ার? মারে ঘরর চালও তুলিদি হারা রাইত বয়াত থাকমু। একটা রাইত কুনু রকম কাটি যাইবগি!

নয়না চল পুয়াগুরে কই লইয়া যাইতাম চল। (কাঁদতে থাকে)

রবি আরে কান্দিছ না। দেখি কিতা করা যায়।

[জবা হঠাৎ বুজতে পারে উঠোনের জল অনেকটাই বেড়ে গেছে]

জবা রবি ভাই পানিয়ে যে পাও ডুবাইলার।

রবি এক কাজ কর, ঐ কুনাত থাকিয়া চাইর খান ইট লইয়া আও। চকির পায়ার তলে দিয়া উচা করার লাগব।

জবা ইট।

রবি অয় অয় যে তা কইয়ার কর। [হাদু জবা ওরা কখানা ইট নিয়ে ঘরে ঢুকে যায়]

হাদু ইট কই?

রবি আরে ঔ গুয়াল ঘরর পিছবায়। (হাদুকে) হুন এক কাম কর চাইন - চকিখান একটু তুলাদি ধর, ইবায় - ইদিকে — না পানি আর আমরার লাগ পাইত নায় মন অর। (সবাই মিলে খাটটাকে ইটের উপর দাঁড় করিয়ে দেয়।)

হাদু কিতা কইতাম?

রবি হকলে মিলিয়া ঔ চকিত উঠিয়া বইথাকমু। কুনুরকম রাইত কান কাটাইতে পারলেউ

জবা কও কিতা ঐ পুয়া ইগুর কিতা হইব? ইগুনু আরও ঝিমাই যারগি!

রবি চউকর সামনে আর কোন পথ দেখিয়ার না। একটা রাইত কুনুরকম কাটানি লাগবউ।

জবা মরে কি বাচে হি চিন্তা নাইনি। [হাদু ঘর থেকে বেড়িয়ে এবার উঠোনের মাচার দিকে যাচ্ছে]

হাদু বাচব বাচ, ইগুর বাচাউ লাগব। ই দেশও এমনেউ বাচা হিকা লাগব।

জবা অয় বইন আইও আইও চকিত উঠিযাইগি। [হাদু ছাড়া আর সবাই ঘরের খাটে উঠে পড়েছে হাদু একা উঠোনের মাচায় উঠে বসেছে। তাদের শেষ আলোর উৎস লন্টনটিও এবার নিভে গেছে]

নয়না চাইরবায়দিউ অলা আন্দাইর! কুনু বায়দি আর কুনু মানুষ নাইনি? - সবঔ গেছইনগি আমরাউ খালি পাড়াত! [মাচা থেকে হাদু হঠাৎ নিচে তাকায়]

হাদু ঔ দেখ, দেখ এখান সাপে খেলের।

সকলে - কই - কই

হাদু ঔ ঔ, ঔ যে উঠান, মাছে আর সাপে একলগে খেলের - ঔ দেখরায়নি জার্মানী পেনা একেবারে আমার মাচাংঅর কিনার দিয়া যারগি হউ যারগি হায়রে দেখলায় না, নিজর ঘর চকির উপরে বইয়া মাছ আর সাপর খেলা কুনুদিন দেখছলায় নি? দেশ বউত বড় বড় শহর আছে কিন্তু ইলাকান আর কুনুখান পাইতায় নায়। ইখান খালি আমরার।

[বন্যার জলের শব্দ চারিদিকে ছড়িয়ে পড়ে]

জবা রবি ভাই বড় ডর করের। হুনরায়নি শব্দ ! মনঅর আমরা সাগরর মাঝে এখান ছোট্ট নাওত বয়াত। পানিয়ে চাইরবায় উতাল পাতাল করের কুন সময় যেন্ ভংগিয়া ভাসাইয়া আমরারে লই যাইবগি।

নয়না ও জবা মাগো বিপদনাশিনী।

রবি ভাসাইত নায়, আস্তে আস্তেউ বাড়ের। [হাদু ঐ জমাট অন্ধকারের মধ্যে যেন দুরে কাকে দেখতে পেয়ে মাচায় উঠে দাঁড়ায়]

হাদু (দূরে) ঐ যে হুন, অ ভাই, - হুন - হুন

জবা কারে ডাক?

হাদু ঐ যে দূরে একখান বাত্তি দেখা যা মন অর - ঐ যে হুন যদি হপার খবর খান পৌছাইতে পারতাম তে হয়ত সাহায্যর লাগি কেউ আইলনে। বড় বড় শহরর বড় মানুষ অখলে অখন রঙ্গীন টিভি দেখরা আর আমরার

ভাগ্য খান ভগবানর হাত দিয়া কাউয়ার লাখান পর গনিয়ার কিন্তু বাবারে তুই ডরাইছনা বাবা সভ্য মাইনষর দেশ তোরে লইয়া যাইমুউ — তোরে আমরা বাচাইমু - শুন - শুন ভাই

[চিৎকার করে ডাকতে থাকে]

জবা কেউ শুনত নায় —— কুনু আশা নাই।

রবি তবুয়ত আশা করি থাকা লাগব - কুন সময় সকাল অয় - কুন সময় একবার মানুষর দেখা পাই - যে আমরারে হপার লইয়া যাইব, কিন্তু অখন ত সামনে এখান পুরা রাইত, খালি আন্দাইর —— আর আন্দাইর। [ঐ গভীর অন্ধকারে ঝড়ো কাকের মত ঐ কটা মূর্তি জেগে রয়েছে রাত্রি অবসানের আশায়। বন্যার জল বেড়েই চলেছে। অন্ধকার ভয়াল সাগরে ওরা যেন একখানা ছোট্ট ডিঙ্গি নৌকায় যাত্রী, নৌকা আপাতত ভেসে আছে।]